

## প্রেস রিলিজ


সাম্প্রতিক ছাত্র-জনতার আন্দোলন এবং এর পরিপ্রেক্ষিতে ঘটে যাওয়া নানা সহিংস ঘটনায় শিক্ষার্থী ও দেশবাসীর মনে গভীর ক্ষত সৃষ্টি হয়েছে। দেশজুড়ে উদ্ভূত এ পরিস্থিতিতে মানসিক স্বাস্থ্য পেশাজীবী হিসেবে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের সকল সদস্য গভীরভাবে উদ্বিগ্ন। আমরা আশা করি দেশের মানুষ দ্রুতই এই ক্ষত কাটিয়ে উঠবে।

বর্তমান পরিস্থিতিতে দেশের মানুষের মানসিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে মানসিক স্বাস্থ্য পেশাজীবীদের অনেকেই স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক-ভাবে উদ্যোগ গ্রহণ করেছেন। আমরা এ ধরনের সকল উদ্যোগের প্রতি আন্তরিক সাধুবাদ জানাই এবং তাদের সকলের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি।

আমরা লক্ষ্য করেছি যে, সুষ্ঠুভাবে মানসিক স্বাস্থ্যসেবা প্রদানের ক্ষেত্রে মানসিক স্বাস্থ্য পেশাজীবীদের জন্য প্রয়োজনীয় ক্লিনিক্যাল সুপারভিশনের সুযোগের স্বল্পতা রয়েছে। এই পরিপ্রেক্ষিতে বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ প্রয়োজনীয় ক্লিনিক্যাল সুপারভিশন প্রদানে দায়বদ্ধতা অনুভব করে। যে সকল পেশাজীবী স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে মানসিক স্বাস্থ্যসেবা প্রদান করছেন তারা প্রশিক্ষিত ক্লিনিক্যাল সাইকোলজিস্টদের কাছ থেকে সুপারভিশন নিতে আগ্রহী হলে নিম্নোক্ত মোবাইল নাম্বারে যোগাযোগ করার জন্য বিনীত অনুরোধ করছি।



ড. মুহাম্মদ কামরুজ্জামান মজুমদার  
প্রেসিডেন্ট  
বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটি



ড. মো. শাহানূর হোসেন  
চেয়ারম্যান  
ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ  
ঢাকা বিশ্ববিদ্যালয়

ক্লিনিক্যাল সুপারভিশনের জন্য যোগাযোগ করুনঃ ০১৭৫ ৯৩৯ ৯৮৭৯ অথবা ০১৯৩ ৯৫৭ ৭০৪৯